# আল-আলাক | Al-Alaq | ٱلْعَلَق

আয়াতঃ ৯৬ : ৩

## আরবি মূল আয়াত:

اِقۡرَاۡ وَ رَبُّكَ الۡاَكۡرَمُ ﴿۳﴾

## অনুবাদসমূহ:

পড়, আর তোমার রব মহামহিম। — আল-বায়ান

পাঠ কর, আর তোমার রব বড়ই অনুগ্রহশীল। — তাইসিরুল

পাঠ করঃ আর তোমার রাব্ব মহা মহিমান্বিত, — মুজিবুর রহমান

Recite, and your Lord is the most Generous - — Sahih International

### ৩. পড়ুন, আর আপনার রব মহিমান্বিত(১)

(১) এখানে পড়ার আদেশের পুনরুল্লেখ করা হয়েছে। কেউ কেউ বলেন, প্রথম আদেশটি নিজে পাঠ করার আদেশ, আর দ্বিতীয়টি অন্যকে পাঠ করানো বা অন্যের নিকট প্রচারের নির্দেশ। [ফাতহুল কাদীর] অতঃপর মহান রব আল্লাহর সাথে أَكْرَم বিশেষণ যোগ করার মধ্যে এ ইঙ্গিত রয়েছে যে, মানুষ সৃষ্টি করা এবং তাদের শিক্ষাদান করার নেয়ামতের মধ্যে আল্লাহ তা'আলার নিজের কোন স্বার্থ ও লাভ নেই; বরং এগুলো তাঁরই অনুগ্রহ, তাঁরই দান। তিনি সর্বমহান দানশীল ও মহামহিমান্বিত। [আদওয়াউল বায়ান, মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

### ৩। তুমি পড়। আর তোমার প্রতিপালক মহামহিমান্বিত। [1]

[1] এ বাক্যটি তাকীদের জন্য ব্যবহার করা হয়েছে। এ দ্বারা বড় অলঙ্কারপূর্ণ ভঙ্গিমায় নবী (সাঃ) এর ওযরের জওয়াব দেওয়া হয়েছে, যা তিনি ‘আমি পড়তে জানি না’ বলে পেশ করেছিলেন। আল্লাহ বললেন, আল্লাহ মহামহিমান্বিত; তুমি পড়। অর্থাৎ, মানুষের ভুল-ত্রুটি উপেক্ষা করা তাঁর বিশেষ গুণ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6109

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন